

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৮২

পরিচ্ছেদঃ ৯. যৌথ ব্যবসা ও উকিল নিযোগ করা - একাধিক অংশীদার হওয়ার বিধান

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ _ رضي الله عنه _ قَالَ: اشْتَرَكْتُ أَنَا وَعَمَّارٌ وَسَعْدٌ فِيمَا نُصِيبُ يَوْمَ بَدْرِ ... الْحَدِيثَ. رَوَاهُ النَّسَائِيُّ وَغَيْرُهُ

ضعيف. رواه النسائي (7/ 319)، وأبو داود (3388)، وابن ماجه (2288)، من طريق أبي عبيدة، عن أبيه عبد الله بن مسعود، به، وتمامه: «فلم أجيء أنا وعمار بشيء، وجاء سعيد بأسيرين». قلت: وسبب الضعف الانقطاع بين أبي عبيدة وأبيه

বাংলা

৮৮২. আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বদর যুদ্ধের দিন সাদ (রাঃ), আম্মার (রাঃ) ও আমি গানীমাতের মালের ব্যাপারে অংশীদার হই। (এই মর্মে যে, আমরা যা পাবো তা তিনজনে ভাগ করে নিবো)। হাদীসের শেষে আছে- সা'দ দু'জন বন্দী আনলেন, আমি ও আম্মার কিছুই আনতে পারলাম না।[1]

ফুটনোট

[1] আবৃ দাউদ ৩৩৮৮, নাসায়ী ৪৬৯৭, ইবনু মাজাহ ২২৮৮। ইমাম শাওকানী নাইলুল আওত্বার ৫/৩৯২ গ্রন্থে ও শাইখ আলবানী আত তালীকাতুর রয়ীয়্যাহ ২/৪৬৯ গ্রন্থে এটিকে মুনকাতি বলেছেন। আলবানী যঈফ ইবনু মাজাহ ৪৫৩, যঈফ নাসায়ী ৩৯৪৭, ৪৭১১, ইরাওয়াউল গালীল ১৪৭৪ গ্রন্থে একে দুর্বল আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 70693$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন